Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৭ই বৈশাখ বুধবার ১৩৬৫ ইংরাজী 30th April. 1958 { ৪৭শ সংখ্যা।

১০ই বৈশাখ ১৮৭৯ শকাব্দ

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।




ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

C. P. Service

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি".

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

দূরের মানুষ কাছে হয়

ফটো যদি সঙ্গে রয়

রঘুনাথগঞ্জ থানার উত্তরে শ্রীঅরুণ ব্যানার্জ্জীর ষ্টুডিওতে অনুসন্ধান করুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৭ই বৈশাখ বুধবার সন ১৩৬৫ সাল।

# ময়ূরাক্ষী দিচ্ছে সাক্ষী পরিকল্পনার !

—○—

প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনার সুরুতে সরকারের সেচ বিভাগ ঘোষণা করিয়াছিলেন ময়ূরাক্ষী পরিকল্পনা সম্পূর্ণ হবে ১৯৫৫ সালে। তাহাতে ৬ লক্ষ একর (১৮ লক্ষ বিঘা) বর্ষাতি এবং ১ লক্ষ ২০ হাজার একর (৩ লক্ষ ৬০ হাজার বিঘা) হৈমন্তিক ও চৈতালি ফসল ফলিবে।

১৯৫৬ গেল, ১৯৫৭ গেল, ১৯৫৮ সালে দেখা যাইতেছে হৈমন্তিক ও চৈতালি ফসল চাষের জলসেচ এলাকা মাত্র ৩০০ একর (৯০০ বিঘা) বর্ষাতি ধান চাষের এলাকা ছয় লক্ষ একর অর্থাৎ ১৮ লক্ষ বিঘায় স্থলে ৩ লক্ষ ৫০ হাজার একর। সেচ বিভাগ পরিকল্পনা রচনার সময় বীরভূমের উঁচু নীচু জমি জায়গা তদন্ত করিয়াই ছয় লক্ষ একর ধানের জমিতে জল সেচের কথাই বলিয়াছিলেন। এখন দেখা যাইতেছে শতকরা ৬০ ভাগের বেশী জমিতে জল সেচের ব্যবস্থা করিতে হইলে বহু শাখা প্রশাখাযুক্ত ক্যানেল খনন না করিলে সে ব্যবস্থা হইবার নয়।

রবি চাষের জমিকে জল সিক্ত করিতে হইলে আলোচ্য বর্ষে পরিকল্পিত জমির ১০ ভাগও কার্য্যকরী হইবে না।

গত ৪ঠা এপ্রিল সেচ বিভাগের মন্ত্রী শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় মহাশয় বীরভূমে গিয়াছিলেন। তাঁহার আগমন উপলক্ষে তাঁহাকে লইয়া সেখানে অষ্টবজ্র একত্রিত হইয়াছিলেন। (১) সেচ মন্ত্রী মহাশয় (২) পরিষদ সচিব শ্রীনিশাপতি মাঝি, (৩) শ্রীঅমরেন্দ্রনাথ সরকার এম-এল-এ (৪) শ্রীখগেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় (৫) শ্রীমিহিরলাল চট্টোপাধ্যায় (৬) শ্রীদুর্গাপদ দাস (৭) জেলা বোর্ডের চেয়ারম্যান শ্রীবৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায় (৮) শ্রীকামদাকিঙ্কর মুখোপাধ্যায়। ইঁহাদের সঙ্গে সরকারী কর্ম্মচারিবৃন্দ ছিলেন। সকলে মিলিয়া সমস্যাগুলি সমাধানের আলোচনা করেন।

কানে যদি কাহারও জল ঢোকে তাকে যেমন সেই কানে আরও কিঞ্চিৎ জল ঢুকাইয়া সেই কান নীচের দিকে রাখিয়া লাফাইয়া লাফাইয়া জল বাহির করিতে হয়। এখানেও সেই ব্যবস্থা ভিন্ন উপায় নাই। পরিষদ সচিব শ্রীনিশাপতি মাঝি মহাশয় সমস্ত ক্যানাল এলাকা পরিভ্রমণ করিয়া সরকারকে কি কি ব্যবস্থা করিতে হইবে তাহা সরকারের গোচরে আনয়ন করিয়াছেন। বিষয়গুলির প্রতি অবিলম্বে দৃষ্টি দিবার জন্যও সরকারকে অনুরোধ করিয়াছেন। এসব প্রতিকারের মধ্যে এইসব এলাকায় রবি চাষের কার্য্যে সবকে উৎসাহিত করার জন্য ময়ূরাক্ষী পরিকল্পনায় পাবলিসিটি অফিসার নিযুক্ত হওয়া উচিত। ইহাও বলিয়াছেন।

আমরা বলি কৃষকগণ সকলে লেখাপড়া জানেন না। তাঁদের উৎসাহিত করার জন্য প্রত্যহ গ্রামে গ্রামে উৎসাহমূলক কীর্ত্তন রচনা করিয়া খোল করতাল বাজাইয়া পরিকল্পনার গুণগান তৎসহ প্রচার কার্য্য চালান উচিত।

ময়ূরাক্ষীর বাঁধ ছুটিয়া সেবার বর্ষাকালে কান্দী ভরতপুর এলাকার গ্রামকে গ্রাম প্লাবিত করিয়া দরিদ্র গৃহস্থগণের সর্ব্বনাশ করিয়াছিল। কচি কচি শিশুদের গুড় তৈরী করা কড়াইয়ের মধ্যে বসাইয়া ভাসাইয়া যদি কোথাও কেহ ইহাদের রক্ষা করে এই আশায় সন্তানের মায়া ভুলিয়া ভগবৎ কৃপার উপর নির্ভর করিয়াছিল। তখন ভারতের প্রধান মন্ত্রী শ্রীজহরলাল নেহরু ও পশ্চিম বাংলার মুখ্য মন্ত্রী ডাঃ রায় কলিকাতা হইতে বিমান যোগে চারিদিকে—

"যে দিকে ফিরায় আঁখি
জলময় সব দেখি"

এই দৃশ্য দেখিতে দেখিতে কান্দী সহরের অদূরে বিমান নামাইবার স্থান পাইয়া অবতরণ করিয়া দুঃখীর দুঃখে মর্ম্মস্পর্শী ভাষণ দিয়াছিলেন। মুখ্যমন্ত্রী মহাশয় আদর্শ গ্রাম তৈরী করার ব্যবস্থা করিবেন আশা দিয়াছিলেন। নাম করা বিপজ্জনক এমন ব্যক্তি এই সর্ব্বনাশের কারণ তদন্তের আশা দিয়াছিলেন। তাহা কেবল কথার কথা হইয়াই থাকিল ! এই সময়ে একবার—এই ময়ূরাক্ষী পরিকল্পনার পরিণতি দেখিয়া দেশের ক্ষুদ্র বৃহৎ সম্পাদকগণকে বহু ব্যয় বিধান করিয়া পরিকল্পনার ঢাক বাজাইবার ব্যবস্থা পাবলিসিটীর অনুরূপ কতটা সম্পাদিত হইয়াছে তাহা স্বচক্ষে দেখিয়া যাইতে অনুরোধ করি। আমরা প্রাচীন প্রবাদসমূহ এখনও কত ফলিতেছে তাহা দেখিয়া অবাক হইতেছি।

**পূর্ত্ত কর্ম্মের ধূর্ত্ততা ভারতের ধ্বংসের মূল।**

তবে কলিকাতার গগনভেদী কেরাণীখানা ও টেলিফোন হর্ম্ম্য সব দোষ ঢাকিয়া ফেলিবে মনে হয়।

---

## সিমেণ্ট সরবরাহ নিয়ন্ত্রণ ব্যবস্থা শিথিল

বর্ত্তমান বৎসরের প্রথম ভাগে কেন্দ্রীয় সরকার যে প্রস্তাব করেন তদনুসারে বিভিন্ন রাজ্য সরকার জনসাধারণকে সিমেণ্ট সরবরাহ নিয়ন্ত্রণ ব্যবস্থা অনেকটা শিথিল করিয়াছেন।

জানুয়ারী মাসে কেন্দ্রীয় সরকার পারমিটের ভিত্তিতে জনসাধারণকে সিমেণ্ট বণ্টন ব্যবস্থা রহিত করিবার জন্য বিভিন্ন রাজ্য সরকারকে পরামর্শ দেন। সিমেণ্ট সরবরাহ ক্রমশঃ বৃদ্ধি পাইতে থাকায় এইরূপ সুপারিশ করা হইয়াছিল।

মহীশূর ও কেরালা রাজ্যে এবং দিল্লী, হিমাচল প্রদেশ ও মণিপুর—এই তিনটি কেন্দ্র-শাসিত অঞ্চলে বিনা পারমিটে অবাধে সিমেণ্ট বিক্রয় ব্যবস্থা চালু হইয়াছে। কলিকাতায় শতকরা ৬০ ভাগ অবাধ বিক্রয়ের সুবিধা দেওয়া হয়। প্রেঃ ইঃ ব্যুঃ

---


## নিখিল ভারত কদলী প্রদর্শনীতে অন্ধ্র প্রদেশের শিল্ড লাভ

কলিকাতায় নিখিল ভারত কদলী প্রদর্শনী গত ২৭শে এপ্রিল সমাপ্ত হইয়াছে। অন্ধ্র প্রদেশ ২৮টি পুরস্কার লাভ করায় বিশেষ শিল্ড লাভ করিয়াছে। এই রাজ্যই সর্বাধিক পুরস্কার পাইয়াছে। প্রদর্শনীতে সর্বাধিক সংখ্যক দ্রব্য পাঠাইবার জন্য পশ্চিমবঙ্গ রাজ্যকে একটি পুরস্কার দেওয়া হইয়াছে।

প্রেঃ ইঃ ব্যুঃ

---

# সহানুভূতি



ডারউইনের মতটা জানিস্
আমি তোদের বল্‌তো কে ?
তাইতে তোদের দুঃখ দেখে
পরাণ আমার কাঁদছে যে।

অসভ্য জানোয়ার আমি,
তোদের রুচি সভ্যতায় ;
সভ্য হ'য়ে দেখ্‌লি তো সব
কি কাঁচকলা লভ্য তায় ?

দিনে দিনে অভাব বাড়ে,
জিনিষ পত্তর যে মাগ্যি ;
যেমন ছিলাম তেমনি আছি,
সভ্য হইনি কি ভাগ্যি !

আজকে তোদের বাড়ছে টেক্স
কাল্‌কে তোদের কন্যাদায়।
তার পরদিন ঘর বাড়ী সব
ভাসিয়ে দিলে বন্যা হায় !

পেটের ভাতের জন্য তোরা
বেড়াস্ সারা দেশ ছুটে।
নির্ভাবনায় দিন চলে মোর
"ভেজিটেবল্ ফ্রেস্ ফ্রুটে"।

চাই না আমার জমি-জমা
বাড়ী, অন্ন বস্ত্রটা।
সভ্য দেশের সভ্য চিহ্ন
মানুষ মারা অস্ত্রটা।

দুর্ব্বলেদের যা' কিছু পা'স্
মেরে ধরে নিস্ কেড়ে।
এই যদি তোর সভ্যতা হয়
আজি চ'লে আয় ছেড়ে।

চোরের মতি নিয়ে সদা
সুখ পাবি বল্ কোন্ কালে ?
তোদের চেয়ে সভ্য বলি
অসভ্য ভীল সাঁওতালে।

টাকার অভাব খুব হয়েছে ?
মনে মনে সাহস রাখ্,—
আমার বংশ ক'রে ধ্বংস
পেলি এবার আদী লাখ্।

---

## প্রাচীন দেবমূর্ত্তি

মনিগ্রাম নিবাসী শ্রীকিরীটিভূষণ মিত্র মহাশয় জানাইয়াছেন—সরকারী পুষ্করিণী উন্নয়ন বিভাগ হইতে মনিগ্রামের বলরামবাটী মৌজার ললিহা নামক পুষ্করিণীর খনন কার্য্য আরম্ভ হইয়াছে। মাটির নীচে হইতে একটি কষ্টিপাথরের বাসুদেব মূর্ত্তি পাওয়া গিয়াছে। গ্রামের হিন্দু জনসাধারণ বাসন্তী দেবীর চণ্ডীমণ্ডপে দেব মূর্ত্তিটি যত্নসহকারে স্থাপন করিয়াছেন। প্রত্যহ পার্শ্ববর্ত্তী গ্রামসমূহের জনসাধারণ দেবমূর্ত্তি দর্শনের জন্য আসিতেছেন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### *নিলামের দিন ১২ই মে ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

৮৬ মনি ডিঃ কোবাদ আলী সেথ দেং আবদুল কুদ্দুশ সেথ দাবি ৫২১ টাকা ৭৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটী ১০, ৬, ১৭ শতকের কাত ১।/০, ১৷৵০, ৪৲ আঃ ৩০৲, ২০৲, ১৫০৲ খং ১৩৭৩, ১০৪৯, ১৭১৯

৮৭ মনি ডিঃ ঐ দেং আবদুল রেজ্জাক দাবি ২২৬ টাকা ৬৬ নঃ পঃ মৌজাদি ঐ ১।/০, ১৷৵০, ৪৲ টাকা জমার জমি আঃ ৩০৲, ২০৲, ১৫০৲ খং ১৩৭৩, ১০৪৯, ১৭১৯

৩৭২ থাং ডিঃ গদাধর দাস দেং রজনীকান্ত চৌধুরী দাবি ১৯ টাকা ৫৯ নঃ পঃ থানা সুতী মৌজে গোঠা ৮ শতকের কাত ২৷০ আঃ ১০৲ খং ৮০

৩৭৩ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনারায়ণ চৌধুরী দাবি ২১ টাকা ২৫ নঃ পঃ থানা সুতী মৌজে ফত্তেপুর ১০ শতকের কাত ২৻০ আঃ ১০৲ খং ১৬১

১৯৫৮ সালের ডিক্রীজারী

৩ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং আশুতোষ দাস দাবি ১৭০ টাকা ৫৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে ভাবকী ৩-৪ শতকের কাত ৮৷৵০ আঃ ১০৲ খং ৪১৬।৪১৭ স্থিতিবান স্বত্ব

১৭ থাং ডিঃ গোপালচন্দ্র দাস দেং রায় জ্ঞানেন্দ্র-নারায়ণ চৌধুরী বাহাদুর দিং দাবি ৫৮ টাকা ৭৫ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ১৩ শতকের কাত ১৫/০ তন্মধ্যে ৪ শতক দালান সংলগ্ন ৪ শতক খোলা জায়গা আঃ ৫০৲ খং ৪৮৬

২৪ মনি ডিঃ মঃ জাফর হোসেন দেং নবদ্বীপচন্দ্র দত্ত দাবি ২২৭ টাকা ৯৭ নঃ পঃ থানা সুতী মৌজে অমরপুর ৩ একরের কাত ২৩৷৵০ আঃ ১০০৲ খং ১৪৮

### *চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত*

### *নিলামের দিন ১৯শে মে ১৯৫৮*

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৪০ থাং ডিঃ জাফরহোসেন মণ্ডল দেং শ্যামাপদ রায় দিং দাদি ৩২ টাকা ১৫ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে চাঁদপুর ১-৬৭ শতকের কাত ৭৻১৭৷০ আঃ ১৫৲ খং ৩৬

১৪১ থাং ডিঃ ঐ দেং নন্দরাণী দাসী দাবি ৩৮ টাকা ০৩ নঃ পঃ থানা ঐ মৌজে অনুপপুর ৩-৪৮ শতকের কাত ২০।/১০ আঃ ১৫৲ খং ৩

৬৫ থাং ডিঃ নরেন্দ্রনাথ মুখোপাধ্যায় দিং দেং নলিনীকুমার চৌধুরী দিং দাবি ২৯ টাকা ৭১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে খেরুর ১-৮৫ শতকের কাত ২৵/১২ আঃ ২৫৲ খং ৭৩৪

১৯৫৮ সালের ডিক্রীজারী

৬ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং রেহেসান সেখ দাবি ২১ টাকা ৩৪ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধরমপুর ১-৯১ শতকের কাত ৭।৵৯ আঃ ১০৲ খং ৬১

৮ থাং ডিঃ ঐ দেং সামমহাম্মদ বিশ্বাস দিং দাবি ৩৫ টাকা ৫৩ নঃ পঃ মৌজাদি ঐ ৫-১৪ শতকের কাত ১৫৷৶/১৫ আঃ ২০৲ খং ৩২।৩৩ স্থিতিবান স্বত্ব

---



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।



সি, কে, সেনের
**আমলা** কেশ তৈল
সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২



## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১১

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়



আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৹ টাকা ও মাশুলাদি ১৵৹ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪



## অরবিন্দ এণ্ড সন্স

মহাবীরতলা, পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাই ন

এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুনক্ষে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত